

দৈনিক সংবাদ- ২০২০-০২-১৮, পৃ- ১৪



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ১৯তম সমাবর্তন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ১৯তম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকেলে রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সমাবর্তনটি অনুষ্ঠিত হয়। এবারের সমাবর্তন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবাধিকীতে তার স্মৃতির উদ্দেশ্যে নিবেদিত। সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি শিক্ষার্থীদের ডিগ্রি প্রদান করেন। এ সমাবর্তনে আভার গ্রাজুয়েট ও গ্রাজুয়েট প্রোগ্রামের ২১১১ জন শিক্ষার্থীকে সনদ দেয়া হয়। এছাড়া অনন্য মেধাবী তিনজন শিক্ষার্থীকে দেয়া হয় স্বর্ণপদক।

